জনতা ব্যাংক
প্রধান কার্যালয়
১১০,মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
ফোন ঃ ৯৫৫৩৩৩০
৯৫৫৫২১১

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ৩৭৮৬

তারিখ ঃ ০৬-০৬-২০০৫ ইং
২৩-০২-১৪১২ বাং ।

সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক,
স্থানীয় কার্যালয়/বিভাগীয় কার্যালয়/ এরিয়া অফিস/
আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা সমূহ,
সকল শাখা ব্যবস্থাপক
জনতা ব্যাংক
বাংলাদেশ।

বিষয় ঃ- জাতীয় বেতন স্কেল,২০০৫ইং প্রসংগে।

মহোদয়,

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৪ই জ্যৈষ্ঠ,১৪১২ বংগাব্দ/ ২৮ মে,২০০৫ইং তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠানের জন্য জাতীয় বেতন স্কেল,২০০৫ প্রকাশ করিয়াছেন, যাহা পরিশিষ্ট-ক তে হুবহু সংযোজিত হইল।

০২। প্রধান কার্যালয়ের প্রশাসন ও মানব সম্পদ বিভাগ ইতিমধ্যেই বেতন নির্ধারন সংক্রান্ত কার্যক্রম শুরু করিয়াছে। উক্ত বিভাগ কর্তৃক অত্র ব্যাংকে কর্মরত সকল নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীর ( যাহারা এই আদেশ বলে প্রাপ্য ) বেতন ০১/০১/২০০৫ ইং তারিখ হইতে প্রবর্তিত জাতীয় বেতন স্কেলে নির্ধারন করিয়া বেতন নির্ধারণী পত্র যথাসময়ে স্ব স্ব কর্মস্থলে প্রেরন করা হইবে।

০৩। ব্যাংকের সকল কর্মকর্তা / কর্মচারীর বেতন নির্ধারন একটি জটিল ও ব্যাপক বিষয় বিধায় এই কার্যক্রম সম্পাদনে সময়ের প্রয়োজন রহিয়াছে। কাজেই জাতীয় বেতন স্কেল, ২০০৫ (ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠান ) এর ২২ নং অনুচ্ছেদের ৪নং উপ- অনুচ্ছেদ প্রদত্ত ক্ষমতা বলে সকল শাখা, কর্পোরেট শাখা, লোকাল অফিস, আঞ্চলিক কার্যালয়, এরিয়া অফিস এবং বিভাগীয় অফিস এর বেতন প্রদানকারী কর্তৃপক্ষকে শাখা/অফিসে কর্মরত সকল নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীর বেতন অত্র বিজ্ঞপ্তির অনুচ্ছেদ নং-৪ এ বর্ণিত পদ্ধতিতে সাময়িক ভাবে নির্ধারন করিয়া জুন-২০০৫ ইং মাস হইতে প্রদানের নির্দেশ দেওয়া যাইতেছে। প্রধান কার্যালয়ে কর্মরত সকল নির্বাহী কর্মকর্তা ও কর্মচারীর বেতন জাতীয় বেতন স্কেল,২০০৫ (ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠান) অনুযায়ী প্রধান কার্যালয়ের প্রশাসন ও মানব সম্পদ বিভাগ একই পদ্ধতিতে সাময়িকভাবে নির্ধারন করতঃ বাজেট ও ব্যয় বিভাগকে সরবরাহ করিবে এবং বাজেট ও ব্যয় বিভাগ তদানুযায়ী জুন, ২০০৫ ইং মাস হইতে যাহাতে বেতন প্রদান করা যায় সেই বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহন করিবে।

০৪। সাময়িক ভাবে বেতন নির্ধারনের পদ্ধতি সমূহ ঃ

(ক) অত্র বিজ্ঞপ্তির সহিত সংযুক্ত পরিশিষ্ট-খ তে বর্ণিত ছক অনুযায়ী তথ্যাদি ও অংগীকার নামা গ্রহন পূর্বক বেতন নির্ধারন করিতে হইবে।

(খ) ৩১/১২/২০০৪ ইং তারিখে সংশ্লিষ্ট নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারী যে স্কেলে বেতন পাইতেছিলেন ০১/০১/২০০৫ ইং তারিখে তাহার বেতন জাতীয় বেতন স্কেল,২০০৫ এর সরকারী আদেশের (৩নং অনুচ্ছেদে বর্ণিত ) অনুরুপ (Corresponding Scale) স্কেলে নির্ধারন করিতে হইবে। এইরুপ বেতন নির্ধারনে অত্র বিজ্ঞপ্তির সহিত সংযুক্ত পরিশিষ্ট-গ তে বর্ণিত ছক ব্যবহার করিতে হইবে। এই বিষয়ে সরকারী আদেশের অনুচ্ছেদ নং-৬ এ বর্ণিত উদাহরন- ১ ও উদাহরন- ২ দেখা যাইতে পারে।

০৫। সরকারী আদেশের ১ (৩)(খ) নং অনুচ্ছেদ অনুযায়ী ১ জানুয়ারী,২০০৫ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গন্য হইবে এবং ১ জানুয়ারী, ২০০৫ হইতে ইতিমধ্যে আহরিত মহার্ঘ ভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে।

০৬। সরকারী আদেশের ১(৩)(গ) নং অনুচ্ছেদ অনুযায়ী সকল ভাতা (উৎসব ভাতা ও বোনাস সহ ) ৩১ ডিসেম্বর,২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১জুলাই,২০০৬ তারিখ হইতে এই আদেশে নির্ধারিত হারে ভাতাদি প্রদেয় হইবে।

০৭। সরকারী আদেশের ৬(৭) ও ৬(৮) নং অনুচ্ছেদ অনুযায়ী সাময়িক ভাবে বরখাস্তকৃত এবং অবসর প্রস্তুতিকালীন ছুটি ভোগরত কর্মকর্তা / কর্মচারীর ক্ষেত্রে প্রধান কার্যালয় হইতে বেতন নির্ধারনী পত্র না পাওয়া পর্যন্ত বর্তমান স্কেলেই ( জাতীয় বেতন স্কেল, ১৯৯৭) তাহাদের বেতন / সাবসিসটেন্স ভাতা অব্যাহত থাকিবে।

পরবর্তী পৃষ্ঠা - ২

০৮। ক্যাজুয়াল ভিত্তিতে নিয়োজিত কর্মচারীগন (ফিল্ড এ্যাসিসটেন্ট, মুদ্রাক্ষরিক-কাম-নিম্নমান সহকারী, গার্ড, গোডাউন কিপার প্রভৃতি) কে জাতীয় বেতন স্কেল,২০০৫ অনুযায়ী বেতন নির্ধারনের আওতাভুক্ত করা হয় নাই । এই বিষয়ে সংশ্লিষ্টদের সতর্ক থাকার জন্য পরামর্শ প্রদান করা যাইতেছে, যাহাতে তাহাদের ৩১/১২/২০০৪ ইং তারিখে আহরিত বেতন (Consolidated Pay ) অপরিবর্তিত থাকে ।

০৯। জাতীয় বেতন স্কেল,২০০৫ জারীর পূর্বেই প্রধান কার্যালয়ের প্রশাসন ও মানব সম্পদ বিভাগ কর্তৃক
০১/০১/২০০৫ ইং তারিখ হইতে এই বিজ্ঞপ্তি জারীর পূর্ব পর্যন্ত সময়ে প্রাপ্ত টাইম স্কেলের / পদোন্নতিত্তোর বেতন
জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর স্কেলে নির্ধারন করিয়া বেতন নির্ধারনী পত্র প্রেরন করা হইয়াছে । যদিও সরকারী
আদেশে ০১/০১/২০০৫ ইং তারিখ হইতে পদোন্নতিত্তোর / টাইম স্কেল প্রাপ্তদের বেতন নির্ধারনের পদ্ধতি বর্ণিত
হইয়াছে , তথাপি ইতিমধ্যে প্রধান কার্যালয় কর্তৃক প্রদত্ত পদোন্নতি / টাইম স্কেলে বেতন নির্ধারনী পত্র প্রাপ্ত নির্বাহী /
কর্মকর্তা / কর্মচারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা / অঞ্চল / এরিয়া / বিভাগীয় কার্যালয় কর্তৃক পদোন্নতি / টাইম স্কেলে
বেতন নির্ধারন করা যাইবে না । প্রধান কার্যালয় কর্তৃক এইরুপ বেতন পুনঃ নির্ধারন করতঃ যথাসময়ে সংশ্লিষ্ট শাখা /
কার্যালয় সমূহে প্রেরন করা হইবে ।

১০। শাখা / কার্যালয় / অফিস কর্তৃক বেতন নির্ধারন, ইনক্রিমেন্ট মঞ্জুর প্রভৃতির সুবিধার্থে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রতিটি বেতন স্কেলের সব গুলি ধাপ প্রদর্শন পূর্বক একটি তালিকা পরিশিষ্ট-ঘ হিসাবে সংযোজিত করা হইল । বার্ষিক ইনক্রিমেন্ট মঞ্জুরীকালে মঞ্জুরকারী কর্তৃপক্ষকে উক্ত তালিকায় উল্লেখিত বেতন স্কেলের ধাপ সমূহ যথাযথ ভাবে অনুসরনের জন্য পরামর্শ দেওয়া হইল ।

১১। সাময়িক ভাবে বেতন নির্ধারনের উপরোল্লেখিত নিয়মাবলী সত্ত্বেও কোনরুপ অস্পষ্টতা দেখা দিলে প্রশাসন ও মানব সম্পদ বিভাগের সহিত যোগাযোগ করা যাইতে পারে ।

১২। স্থানীয় কার্যালয় ও কর্পোরেট শাখা-১ সমূহ ব্যতীত অন্যান্য সকল শাখা তাহাদের প্রত্যেকের জন্য
পরিশিষ্ট-খ অনুযায়ী সংযোজিত ছক মোতাবেক ২(দুই) কপি করিয়া সাময়িক বেতন নির্ধারনী পত্র প্রস্তুত করিয়া জুন,
২০০৫ মাসের বেতন প্রদান করিবে । নতুন স্কেলে বেতন নির্ধারন পূর্বক প্রত্যেকের ১(এক)কপি সাময়িক বেতন
নির্ধারনী পত্র সংশ্লিষ্ট আঞ্চলিক / এরিয়া / বিভাগীয় কার্যালয়ে প্রেরন করিবে । প্রত্যেক আঞ্চলিক / এরিয়া / বিভাগীয়
কার্যালয় এইরুপ সাময়িক ভাবে নির্ধারিত বেতন পরীক্ষার জন্য ন্যূনতম এসপিও পদমর্যাদার নেতৃত্বে ২(দুই) সদস্য
বিশিষ্ট কমিটি (প্রয়োজনে একাধিক কমিটি) গঠন করিবে এবং তাহাদের কার্যালয়ে প্রেরিত প্রতিটি শাখার প্রত্যেকের
সাময়িক ভাবে নির্ধারিত বেতন পরীক্ষান্তে উহার সঠিকতার বিষয়ে শাখাকে নিশ্চিত করিবে । বেতনের সঠিকতার বিষয়ে
নিশ্চিত হওয়ার পর শাখা সংশ্লিষ্ট নির্বাহী / কর্মকর্তা / কর্মচারীর ১লা জানুয়ারী,২০০৫ হইতে ৩০ মে,২০০৫ সময়ের
বকেয়া প্রদান করিবে । স্থানীয় কার্যালয় ও কর্পোরেট শাখা-১সমূহ তাহাদের শাখায় প্রদানকৃত সকল নির্বাহী , কর্মকর্তা
ও কর্মচারীর প্রত্যেকের ১ (এক ) কপি করিয়া বেতন নির্ধারনী পত্র প্রস্তুত পূর্বক তদানুযায়ী জুন, ২০০৫ মাসের বেতন
প্রদান করিবে এবং ন্যূনতম পক্ষে সহকারী মহাব্যবস্থাপক পদ মর্যাদার একজন নির্বাহীর নেতৃত্বে ২ (দুই) সদস্য বিশিষ্ট
কমিটি (প্রয়োজনে একাধিক কমিটি ) গঠন পূর্বক নির্ধারিত বেতনের সঠিকতার বিষয়ে নিশ্চিত হইয়া ১ জানুয়ারী, ২০০৫
হইতে ৩০ মে, ২০০৫ সময়ের বকেয়া প্রদান করিবে। বিভাগীয় অফিস, এরিয়া অফিস ও আঞ্চলিক কার্যালয় তাহাদের স্ব
স্ব কার্যালয়ের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীর বেতন নির্ধারনের ক্ষেত্রে স্থানীয় কার্যালয় ও কর্পোরেট শাখা-১ সমূহের জন্য
প্রযোজ্য নিয়ম অনুসরন করিবে । প্রধান কার্যালয়ের বাজেট ও ব্যয় বিভাগ প্রশাসন ও মানব সম্পদ বিভাগ কর্তৃক প্রেরিত
নির্ধারিত বেতন বিবরনী অনুযায়ী জুন, ২০০৫ মাসের বেতন ও জানুয়ারী, ২০০৫ হইতে মে, ২০০৫ এর বকেয়া প্রদানের
ব্যবস্থা করিবে ।

১৩। প্রধান কার্যালয়ের প্রশাসন ও মানব সম্পদ বিভাগ হইতে প্রত্যেকের নামে প্রেরিতব্য বেতন নির্ধারনী পত্র প্রাপ্তির পর বেতন নির্ধারনের বিষয়টি চুড়ান্ত বলিয়া গন্য হইবে । প্রধান কার্যালয়ের উক্ত বেতন নির্ধারনী পত্র প্রাপ্তির পর যদি দেখা যায় যে, কাহাকেও অতিরিক্ত বেতন প্রদান করা হইয়াছে, তবে তাহার মাসিক বেতন হইতে অতিরিক্ত প্রদানকৃত অর্থ আদায় করিতে হইবে ।

আপনার বিশ্বস্ত

( আমিরুল ইসলাম খান)
উপ-মহাব্যবস্থাপক

(কাজী ওবায়েদুর রহমান )
মহাব্যবস্থাপক

অনুলিপি ঃ-
১। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। পিএস টু ব্যবস্থাপনা পরিচালক/উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। পিএ টু সকল মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক, প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়, ঢাকা এবং বিভাগীয় কার্যালয়, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট।
৪। নথি।

বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২৮মে, ২০০৫ইং তারিখে প্রকাশিত

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন ও প্রবিধি অনু বিভাগ)

# আদেশ

ঢাকা, ১৪ জ্যৈষ্ঠ, ১৪১২ বংগাব্দ/ ২৮ মে, ২০০৫ খ্রিষ্টাব্দঃ

নং এস,আর,ও ১২১-আইন/২০০৫/অম/অবি(বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৩/৭৫-Services (Re-organization and Conditions) Act,1975(XXXII of 1975) এর ধারা-৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারী করিল, যথা ঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ । -(১) এই আদেশ চাকরী (ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠন ) ( বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ নামে অভিহিত হইবে।

(২) এই আদেশ উপ-অনুচ্ছেদ(৩)এর বিধান সাপেক্ষে, ১ জানুয়ারী,২০০৫ তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গন্য হইবে।

(৩) এই আদেশের অনুচ্ছেদ-৩ এ উল্লেখিত জাতীয় বেতন স্কেল সমূহ ১ জানুয়ারী,২০০৫ তারিখে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে, কার্যকর হইবে, যথা ঃ-

(ক) এই আদেশের অনুচ্ছেদ-৬ এর বিধান অনুযায়ী ১ জানুয়ারী,২০০৫ তারিখে বেতন নির্ধারন করিয়া বেতন বৃদ্ধি বাবদ মোট অংকের ( জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত বেতন এবং বর্তমান বেতনের পার্থক্য), শতকতা ৭৫ ভাগ ৩১শে ডিসেম্বর,২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য বেতনের সহিত যোগ করিয়া ১ জানুয়ারী,২০০৫ তারিখ হইতে ৩০ জুন,২০০৫ তারিখ পর্যন্ত প্রদান করা হইবে এবং মোট অংকের অবশিষ্ট শতকরা ২৫ ভাগ ১ জুলাই,২০০৫ তারিখ হইতে প্রদান করা হইবে;

(খ) জাতীয় বেতন স্কেল,২০০৫ জারীর তারিখ অর্থাৎ ১লা জানুয়ারী,২০০৫ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গন্য হইবে এবং ১লা জানুয়ারী,২০০৫ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘ ভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে;

(গ) চাকুরী ( ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠন) ( বেতন ভাতাদি ) আদেশ,১৯৯৭ এর বিধান মোতাবেক সকল ভাতা (উৎসব ভাতা ও বোনাস সহ ) ৩১ ডিসেম্বর,২০০৪ আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন,২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই,২০০৬ তারিখ হইতে এই আদেশে নির্ধারিত হারে ভাতাদি প্রদেয় হইবে ।

(৪) এই আদেশ নিম্ন বর্ণিত প্রতিষ্ঠান সমূহে নিয়োজিত ব্যক্তিবর্গ এবং নিম্ন লিখিত ব্যক্তিবর্গ ব্যতীত ব্যাংক এবং অর্থ লগ্নী প্রতিষ্ঠান সমূহে চাকুরীতে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা ঃ-

(ক) State- owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985(XXXIX of 1985) এ সংজ্ঞায়িত " Worker " ;

(খ) শিক্ষানবিস (Apprentice) অথবা প্রশিক্ষণার্থী (Trainee) হিসাবে নিয়োজিত ব্যক্তিগণ ;

(গ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগন, এবং

(ঘ) ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠানে প্রেষণে নিযুক্ত সরকারী চাকুরীতে নিয়োজিত ব্যক্তিগন ।

২। সংজ্ঞা ঃ বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

(ক)" অর্থ লগ্নী প্রতিষ্ঠান " অর্থ-

(১) বাংলাদেশ কৃষি ব্যাংক,
(২) বাংলাদেশ শিল্প ব্যাংক,
(৩) বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা,
(৪) ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ,
(৫) বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন,
(৬) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক,
(৭) কর্মসংস্থান ব্যাংক,
(৮) আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক,

(খ) " ব্যাংক " অর্থ-

(১) বাংলাদেশ ব্যাংক,
(২) সোনালী ব্যাংক,
(৩) জনতা ব্যাংক,
(৪) অগ্রণী ব্যাংক,

(গ) " বর্তমান বেতন স্কেল " অর্থ চাকুরী ( ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠান ) ( বেতন ও ভাতাদি ) আদেশ, ১৯৯৭ এর অধীন বেতন স্কেল,

(ঘ) " প্রতিষ্ঠান " অর্থ ব্যাংক অথবা অর্থ লগ্নী প্রতিষ্ঠান ,

(ঙ) " জাতীয় বেতন স্কেল, ২০০৫ " অর্থ এই আদেশের অনুচ্ছেদ-৩এ উল্লিখিত জাতীয় বেতন স্কেল;

(চ) " মূল বেতন ", " সিলেকশন গ্রেড স্কেল " বা " উচ্চতর স্কেল (টাইম- স্কেল) " অর্থ বর্তমান বেতন স্কেলে, যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল বা উচ্চতর স্কেল ( টাইম স্কেল ) ।

অপর পৃষ্ঠা-২

৩। জাতীয় বেতন স্কেল, ২০০৫ ঃ- ১ জানুয়ারী, ২০০৫ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদ সমূহের বর্তমান বেতন স্কেল বিলুপ্ত হইবে এবং ঐ তারিখ হইতে বর্তমান বেতন স্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্ন বর্ণিত অনুরূপ স্কেল (Corresponding Scale) কার্যকর হইবে , যথা ঃ-

| স্কেল | বর্তমান বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, (১৯৯৭) | জাতীয় বেতন স্কেল,২০০৫ (১ জানুয়ারী,২০০৫ হইতে কর্যকর ) |
|---|---|---|
| ১। | টাকা ১৫০০০ ( নির্ধারিত) | টাকা ২৩০০০ ( নির্ধারিত ) |
| ২। | টাকা ১২৯০০-৩৫০X৪-১৪৩০০ | টাকা ১৯৩০০-৭০০X ৪-২২১০০ |
| ৩। | টাকা ১১৭০০-৩০০ X ৬-১৩৫০০ | টাকা ১৬৮০০-৬৫০ X৬-২০৭০০ |
| ৪। | টাকা ১০৭০০-৩০০ X৮-১৩১০০ | টাকা ১৫০০০-৬০০ X ৮ -১৯৮০০ |
| ৫। | (ক) টাকা ৯৫০০-২৬০ X১০-১২১০০<br>(খ) টাকা ৮৮০০-২৬০ X ১১-১১৬৬০<br>(শুধু বাংলাদেশ ব্যাংকের জন্য ) | (ক) টাকা ১৩৭৫০-৫৫০ X ১০ -১৯২৫০<br>(খ) টাকা ১২৮০০-৫৫০ X ১১ -১৮৮৫০<br>(শুধু বাংলাদেশ ব্যাংকের জন্য ) |
| ৬। | (ক) টাকা ৭২০০ -২৬০ X ১৪ -১০৮৪০<br>(খ) টাকা ৭২০০ -২৬০ X ১২-১০৩২০<br>( শুধু বাংলাদেশ ব্যাংকের জন্য ) | (ক) টাকা ১১০০০-৪৭৫ X ১৪ -১৭৬৫০<br>(খ) টাকা ১০০০০-৪৭৫ X ১২ - ১৬৭০০<br>( শুধু বাংলাদেশ ব্যাংকের জন্য ) |
| ৭। | টাকা ৬১৫০-২২৫ X১৬-৯৭৫০ | টাকা ৯০০০-৪০৫ X ১৬-১৫৪৮০ |
| ৮। | টাকা ৪৮০০-২১০ X ১৬-৮১৬০ | টাকা ৭৪০০-৩৬৫ X ১৬ -১৩২৪০ |
| ৯। | টাকা ৪৩০০-১৮৫ X ৭-৫৫৯৫-ইবি-১৯৫X১১-৭৭৪০ | টাকা ৬৮০০-৩২৫ X৭-৯০৭৫-ইবি-৩৬৫X১১-১৩০৯০ |
| ১০। | টাকা ৩৪০০-১৭০ X৭-৪৫৯০-ইবি-১৮৫X১১-৬৬২৫ | টাকা ৫১০০-২৮০X৭-৭০৬০-ইবি-৩০০X১১-১০৩৬০ |
| ১১। | টাকা ২৫৫০-১৫৫ X৭-৩৬৩৫-ইবি-১৭০X১১-৫৫০৫ | টাকা ৪১০০-২৫০X৭-৫৮৫০-ইবি-২৭০X১১-৮৮২০ |
| ১২। | টাকা ২৩৭৫-১৫০X৭-৩৪২৫-ইবি-১৫৫X১১-৫১৩০ | টাকা ৩৭০০-২৩০X৭-৫৩১০-ইবি-২৫০X১১-৮০৬০ |
| ১৩। | টাকা ২২৫০-১৩৫X৭-৩১৯৫-ইবি-১৪০X১১-৪৭৩৫ | টাকা ৩৫০০-২১০X৭-৪৯৭০-ইবি-২৩০X১১-৭৫০০ |
| ১৪। | টাকা ২১০০-১২০X৭-২৯৪০-ইবি-১২৫X১১-৪৩১৫ | টাকা ৩৩০০-১৯০X৭-৪৬৩০-ইবি-২১০X১১-৬৯৪০ |
| ১৫। | টাকা ১৯৭৫-১০৫X৭-২৭১০-ইবি-১১০X১১-৩৯২০ | টাকা ৩১০০-১৭০X৭-৪২৯০-ইবি-১৯০X১১-৬৩৮০ |
| ১৬। | টাকা ১৮৭৫-৯০X৭-২৫০৫-ইবি-১০০X১১-৩৬০৫ | টাকা ৩০০০-১৫০X৭-৪০৫০-ইবি-১৭০X১১-৫৯২০ |
| ১৭। | টাকা ১৭৫০-৮০X৭-২৩১০-ইবি-৯০X১১-৩৩০০ | টাকা ২৮৫০-১৩০X৭-৩৭৬০-ইবি-১৫০X১১-৫৪১০ |
| ১৮। | টাকা ১৬২৫-৬৫X৭-২০৮০-ইবি-৭৫X১১-২৯০৫ | টাকা ২৬০০-১২০X৭-৩৪৪০-ইবি-১৩০X১১-৪৮৭০ |
| ১৯। | টাকা ১৫৬০-৬০X৭-১৯৮০-ইবি-৬৫X১১-২৬৯৫ | টাকা ২৫০০-১১০X৭-৩২৭০-ইবি-১২০X১১-৪৫৯০ |
| ২০। | টাকা ১৫০০-৫০X১৮-২৪০০ | টাকা ২৪০০-১০০X৭-৩১০০-ইবি-১১০X১১-৪৩১০ |

৪। জাতীয় বেতন স্কেল,২০০৫ এর প্রাপ্যতা ঃ- ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে কোন ব্যক্তি সংশ্লিষ্ট পদে যে মূল স্কেল, ব্যক্তিগত স্কেল, অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সিলেকশন গ্রেড স্কেল বা উচ্চতর স্কেল ( টাইম স্কেল ) পাইতেছিলেন , তিনি ১ জানুয়ারী, ২০০৫ তারিখ হইতে অনুচ্ছেদ-৩ এ বর্ণিত তাহার সংশ্লিষ্ট বর্তমান বেতন স্কেলের বিপরীতে প্রদর্শিত জাতীয় বেতন স্কেল,২০০৫ প্রাপ্য হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশ অনুযায়ী যাহারা ১ জানুয়ারী,২০০৫ তারিখের পূর্ব পর্যন্ত উচ্চতর স্কেল ( টাইম স্কেল ) পাইবার অধিকারী ছিলেন কিন্তু সময়মত উহা প্রদান করা যায় নাই, তাহারা সংশ্লিষ্ট আদেশ অনুযায়ী এই আদেশের অনুচ্ছেদ-৬এর বিধান ও শর্ত সাপেক্ষে উহা ভুতাপেক্ষ ভাবে প্রাপ্য হইবেন ।

৫। বর্তমান বেতনের সংজ্ঞা ঃ- এই আদেশের উদ্দেশ্যে, “ বর্তমান বেতন ” বলিতে বুঝাইবে-

(ক) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে প্রাপ্ত বা প্রাপ্য মূল বেতন, তৎসহ
(খ) সরকার কর্তৃক, সময় সময় জারীকৃত আদেশাবলী অনুসারে কোন পদে বা কাজের সহিত সম্পৃক্ত ব্যক্তিগত বেতন বা ব্যক্তিগত ভাতা ভিন্ন অন্যান্য ব্যক্তিগত বেতন ( যদি থাকে ) ।

অপর পৃষ্ঠা-৩

৬। জাতীয় বেতন স্কেল,২০০৫ এ বেতন নির্ধারন ঃ- (১) যে ব্যক্তি বর্তমান বেতন স্কেলে পদের মূল স্কেল, সিনিয়র স্কেল, সিলেকশন গ্রেড স্কেল, ব্যক্তিগত স্কেল অথবা উচ্চতর স্কেল ( টাইম স্কেল ) পাইতেছিলেন তাহার বেতন বর্তমান স্কেলের অনুরূপ (Corresponding Scale) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ অনুচ্ছেদ ৪ এর শর্তাধীনে এবং নিম্ন লিখিত পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা ঃ-

(ক) বর্তমান বেতন স্কেল অর্থাৎ বিদ্যমান স্কেলের প্রারম্ভিক ধাপে বেতন আহরনকারী কোন ব্যক্তির বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫-এর অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপেই নির্ধারিত হইবে ,

(খ) যদি কোন ব্যক্তির মূল বেতন, বর্তমান বেতন স্কেলের সর্ব নিম্ন ধাপের উচ্চতর হয়, তবে প্রথমত উভয় ধাপের মধ্যকার পার্থক্য নির্নয় করিতে হইবে। অতঃপর উক্ত নির্ণিত অংক অনুরূপ স্কেলের (জাতীয় বেতন স্কেল,২০০৫) প্রারম্ভিক ধাপের সাথে যোগ করিতে হইবে। এই যোগফল যদি অনুরূপ স্কেলের কোন ধাপের সমান হয় , তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারন করিতে হইবে। যদি অনুরূপ স্কেলে উক্ত অংকের সমান কোন ধাপ না থাকে তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারন করিতে হইবে ঃ-

উধাহরন ১ ঃ ৩১-১২-২০০৪ ইং তারিখে একজন কর্মচারী ১৮৭৫-৯০X৭-২৫০৫-ইবি-১০০X১১-৩৬০৫ টাকার বর্তমান বেতন স্কেলের প্রারম্ভিক ধাপে অর্থাৎ ১৮৭৫ টাকা মূল বেতন পাইতেন। এই ক্ষেত্রে ০১-০১-২০০৫ ইং তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৩০০০-১৫০X৭-৪০৫০-ইবি-১৭০X১১-৫৯২০ টাকার অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ৩০০০ টাকায় তাহার মূল বেতন নির্ধারিত হইবে ঃ

উদাহরন ২ ঃ

৩১-১২-২০০৪ তারিখে একজন কর্মচারীর মূল বেতন, বর্তমান ১৮৭৫-৯০X৭-২৫০৫-ইবি-১০০X১১-৩৬০৫ টাকার স্কেলে ২৪১৫ টাকা। এই ক্ষেত্রে ১-১-২০০৫ তারিখে ঐ স্কেলে অনুরূপ স্কেল হিসাবে ৩০০-১৫০X৭-৪০৫০-ইবি-১৭০X১১-৫৯২০ টাকার স্কেলে তাহার বেতন নির্ধারিত হইবে ৩৫৪০ টাকা।

(ব্যাখ্যা ঃ বর্তমান বেতন স্কেলে প্রাপ্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমান ২৪১৫-১৮৭৫=৫৪০ টাকা। অতএব, অনুরূপ স্কেলে বেতন নির্ধারিত হইবে, ঐ স্কেলের প্রারম্ভিক ধাপ + ৫৪০ টাকা অর্থাৎ ৩০০০+৫৪০=৩৫৪০ টাকায়। কিন্তু অনুরূপ স্কেলে এইরূপ ধাপ না থাকায় পরবর্তী উচ্চর ধাপে ৩৬০০ টাকায় তাহার বেতন নির্ধারিত হইবে )।

(গ) যে সকল কর্মকর্তার বেতন জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুযায়ী টাকা ২৩০০০ নির্ধারিত তাহাদের ক্ষেত্রে দফা (ক) ও (খ) প্রযোজ্য হইবে না।

(ঘ) যদি কোন ব্যক্তির বর্তমান বেতন সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল,২০০৫ এর সর্বোচ্চ সীমার উর্দ্ধে হয় তাহা হইলে সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল,২০০৫ এর সর্বোচ্চ সীমায় তাহার বেতন নির্ধারন করিয়া বর্তমান বেতন এবংসংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল,২০০৫ এর সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, তাহা তাহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করা হইবে।

(ঙ) জাতীয় বেতন স্কেল,২০০৫ বলবৎ হইবার পূর্বে অর্থাৎ ০১-০১-২০০৫ তারিখের পূর্বে পদোন্নতি প্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারীর জাতীয় বেতন স্কেল,২০০৫ এ নির্ধারিত বেতন যদি তিনি পদোন্নতি না পাইতেন , তাহা হইলে নিম্নতর পদের বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম স্কেল ), সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা ব্যক্তিগত বেতন স্কেলের ভিত্তিতে তাহা জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ যে বেতন নির্ধারিত হইত তাহা অপেক্ষা কম হয়, তবে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর বেতন ০১-০১-২০০৫ তারিখে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ প্রথমে অব্যবহিত নিম্ন পদের ভিত্তিতে নির্ধারিত হইবে এবং উক্ত রূপে নির্ধারিত বেতন যদি পদোন্নতি প্রাপ্ত পদের জাতীয় বেতন স্কেল,২০০৫ এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই তাহার বেতন নির্ধারিত হইবে। যদি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ উহার সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে উহার পরবর্তী উচ্চতর ধাপে তাহার বেতন নির্ধারিত হইবে। এইরূপ ক্ষেত্রে পদোন্নতি প্রাপ্ত পদের বেতন স্কেল, যদি নিম্নতর পদের বেতন স্কেলের সমান বা কম হয় , তবে সেই ক্ষেত্রে নিম্নপদের বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ অপরিবর্তীত থাকিবে। উক্তরূপ বেতন নির্ধারনে নিম্ন পদের নির্ধারিত সিলেকশন গ্রেডের সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন কোটা সীমা প্রযোজ্য হইবে না।

(২) ১ জানুয়ারী,২০০৫ তারিখ হইতে ৩০ জুন,২০০৫ তারিখের মধ্যবর্তী কালে ( উভয় দিন সহ ) যাহারা উচ্চতর বেতন স্কেলের পদে পদোন্নতি পাইবেন, তাহাদের বেতন পদোন্নতি প্রাপ্ত পদে প্রচলিত নিয়মানুযায়ী নির্ধারন করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, পদোন্নতি প্রাপ্ত পদে নির্ধারিত বেতন এবং ১ জানুয়ারী,২০০৫ তারিখে অথবা পদোন্নতির অব্যবহিত পূর্বের তারিখে অনুচ্ছেদ-১ (৩) (ক) অনুযায়ী আহরিত বা প্রাপ্য বেতনের পার্থক্যের শতকরা ৭৫ ভাগ হিসাবে যে অংক প্রদেয় হয় তাহা ১ জানুয়ারী, ২০০৫ তারিখে অথবা পদোন্নতির তারিখের অব্যবহিত পূর্বের তারিখে আহরিত বা প্রাপ্য অংকের সাথে যুক্ত করিয়া ৩০ জুন, ২০০৫ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৫হইতে পদোন্নতি প্রাপ্ত পদের বেতনের পূর্ন সুবিধা প্রদেয় হইবে।

অপর পৃষ্ঠা-৪

(৩) ১ জানুয়ারী,২০০৫ তারিখ হইতে ৩০ জুন,২০০৫ তারিখের মধ্যে কোন ব্যক্তি জাতীয় বেতন স্কেল,২০০৫ বাস্তবায়নের পর নিয়মিত বেতন বৃদ্ধি (Increment) প্রাপ্তির পরবর্তী পর্যায়ে পদোন্নতি প্রাপ্ত হইলে তাহার বেতন প্রচলিত নিয়মে নির্ধারিত হইবে । এই ভাবে বেতন নির্ধারিত হওয়ার পর মধ্যবর্তী বেতন বৃদ্ধি ব্যতীত আহরিত বেতন নির্ধারিত বেতন হইতে বাদ দিয়া পার্থক্য নিরূপণ করিতে হইবে । উক্ত রূপে নিরূপিত পার্থক্যের অংক অর্জিত বেতন বৃদ্ধি সহ উত্তোলিত বেতনের সহিত যোগ করিতে হইবে ।

(৪) ৩১ ডিসেম্বর,২০০৪ তারিখ পর্যন্ত প্রচলিত বিধান অনুযায়ী যাহারা ১ জানুয়ারী,২০০৫ হইতে ৩০ জুন,২০০৫ তারিখের মধ্যবর্তী কালে ( উভয় দিন সহ ) উচ্চতর স্কেল ( টাইম স্কেল ) ও সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন , তাহাদের উচ্চতর স্কেলে বেতন নির্ধারনের ও বর্ধিত বেতনের সুবিধা প্রদানের ক্ষেত্রেও উপ- অনুচ্ছেদ ( ২) এ বর্ণিত বিধান অনুসৃত হইবে ।

(৫) যে ব্যক্তি প্রেষনে কর্মরত আছেন, প্রেষনে কর্মরত না থাকিলে তাহার মূল অফিস অথবা সংগঠনে তিনি যে বেতন পাইবার অধিকারী হইতেন, সেই ভিত্তিতে তাহার বেতন নির্ধারিত হইবে ।

ব্যাখ্যা ।- এই উপ- অনুচ্ছেদে উল্লেখিত প্রেষন বলিতে কোন ব্যক্তির এক প্রতিষ্ঠান হইতে অন্য প্রতিষ্ঠানে অস্থায়ী বদলী বা নিয়োগ বুঝাইবে ।

(৬) যে ব্যক্তি ১ জানুয়ারী, ২০০৫ তারিখে ছুটিতে ছিলেন, জাতীয় বেতন স্কেলে সেই ব্যক্তির বেতন, তাহার বর্তমান বেতনের ভিত্তিতে নির্ধারন করিতে হইবে অথবা উক্ত তারিখে তিনি ছুটিতে না থাকিলে তাহার বর্তমান বেতন যাহা হইত , সেই ভিত্তিতে জাতীয় বেতন স্কেল,২০০৫ এ তাহার বেতন নির্ধারন করিতে হইবে, তবে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ তাহার বেতন নির্ধারনের ফলে তিনি যে আর্থিক সুবিধা লাভ করিতেন তাহা তাহার ছুটির সময়ের জন্য প্রাপ্য হইবেন না ।

(৭) যে ব্যক্তি ১ জানুয়ারী, ২০০৫ তারিখে সাময়িক ভাবে বরখাস্ত ছিলেন, সেই ব্যক্তি পুনর্বহাল না হইলে এবং বাস্তবে কাজে যোগদান না করিলে তাহার বেতন জাতীয় বেতন স্কেল,২০০৫ এ নির্ধারন করা হইবে না । এইরূপ পুনর্বহালকৃত ব্যক্তির বেতন ৩১ শে ডিসেম্বর,২০০৪ তারিখে প্রথমতঃ বর্তমান বেতন স্কেলে নির্ধারন করা হইবে এবং অতঃপর ঐ নির্ধারিত বেতনের ভিত্তিতে তাহার বেতন জাতীয় বেতন স্কেল,২০০৫ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারন করা হইবে ।

(৮) ১ জানুয়ারী, ২০০৫ তারিখে যে ব্যক্তি অবসর প্রস্তুতি মূলক ছুটিতে ছিলেন, শুধু পেনশন নির্ধারনের জন্য তাহার বেতন উপ-অনুচ্ছেদ (৫) এর বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল,২০০৫ এর সংশ্লিষ্ট স্কেলে নির্ধারন করা হইবে । এইরূপ ক্ষেত্রে অবসর প্রস্তুতি মূলক ছুটির সময় যদি তাহার বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারনের জন্য তাহার বেতনের সহিত যুক্ত হইবে, তবে তিনি অবসর প্রস্তুতিমূলক ছুটির সময়ে উক্ত ছুটির বেতন বর্তমান বেতন স্কেলের ভিত্তিতে পাইতে থাকিবেন ।

(৯) ১ জানুয়ারী,২০০৫ তারিখ হইতে ৩০ জুন ২০০৫ তারিখের মধ্যে যাহারা অবসর গ্রহন করিবেন তাহাদের পেনশন ও আনুতোষিক নির্ধারনের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর পুর্ন সুবিধা প্রদেয় হইবে ।

(১০) ১০০০ টাকা পর্যন্ত মাসিক নীট পেনশন প্রাপ্ত অবসর ভোগী কর্মকর্তা / কর্মচারীদের নীট পেনশনের পরিমান ৪০% হারে এবং ১০০১ টাকা হইতে তদুর্ধ পর্যায়ে নীট পেনশনের পরিমান ২৫% হারে বৃদ্ধি হইবে ঃ

তবে শর্ত থাকে যে, শেষোক্ত ক্ষেত্রে বৃদ্ধি সহ নীট পেনশনের পরিমান কোনক্রমেই টাকা ১৪০০ এর নিম্নে হইবে না ।

(১১) সকল কর্মকর্তা ও কর্মচারীর জন্য আনুতোষিক বা গ্রাচ্যুইটি প্রদানের বর্তমান হার বহাল থাকিবে ।

(১২) ১ জানুয়ারী,২০০৫ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখের মধ্যে কর্মরত কোন ব্যক্তি মৃত্যুবরন করিলে উক্ত ব্যক্তির পরিবার, পারিবারিক পেনশনের অন্যান্য প্রচলিত নিয়মাবলী অনুসরন সাপেক্ষে , উপ- অনুচ্ছেদ (৯) মোতাবেক, প্রযোজ্য ক্ষেত্রে, পেনশন ও আনুতোষিক প্রাপ্য হইবে ।

(১৩) বর্তমানে প্রচলিত ছুটির বিধান অনুযায়ী ৬ মাস গড় বেতনে ও ৬ মাস অর্ধ গড় বেতনে অবসর প্রস্তুতি মূলক ছুটি ভোগের পরিবর্তে, কোন ব্যক্তি ছুটি পাওনা থাকা সাপেক্ষে ১২ মাস পুর্ন গড় বেতনে ছুটি ভোগ করিতে পারিবেন এবং এই সুবিধা ১ জানুয়ারী,২০০৫ হইতে কার্যকর হইবে অর্থাৎ ১ জানুয়ারী,২০০৫ হইতে যে সকল ব্যক্তি অবসর প্রস্তুতি মূলক ছুটিতে গমন করিবেন তাহারা উক্ত সুবিধা পাইবেন ।

অপর পৃষ্ঠা-৫

৭। জাতীয় বেতন স্কেল,২০০৫ এ উচ্চতর স্কেল ( টাইম স্কেল ) ও সিলেকশন গ্রেড স্কেল এর প্রাপ্যতা ।-(১) কর্মকর্তা ব্যতীত যে সকল কর্মচারী জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ২৪০০ - ৪৩১০ হইতে টাকা ৫১০০-১০৩৬০ বেতন স্কেলের আওতাভুক্ত তাঁহাদেরকে একই অথবা সম পর্যায়ের পরস্পর বদলী যোগ্য পদে ৮,১২ ও ১৫ বৎসর চাকুরী পূর্তীর পর এবং তাহাদের চাকুরীর সন্তোষজনক রেকর্ড এর ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদী পূরন সাপেক্ষে, যথাক্রমে ১ম,২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতন স্কেল, উচ্চতর স্কেল ( টাইম স্কেল ) হিসাবে প্রদেয় হইবে ঃ

তবে শর্ত থাকে যে, পদোন্নতি ব্যতীরেকে কোন কর্মচারী একই পদে সমগ্র চাকুরী জীবনে ৩(তিন)টির অধিক উচ্চতর স্কেল ( টাইম স্কেল ) প্রাপ্য হইবেন না ঃ

আরো শর্ত থাকে যে, বর্তমান বেতন স্কেলের অধীন সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল অথবা ব্যক্তি স্কেল, যে নামেই অবহিত হোক না কেন, ১ জানুয়ারী,২০০৫ তারিখে উহা বিদ্যমান শর্তে জাতীয় বেতন স্কেল,২০০৫ এ বহাল থাকিবে ঃ

আরো শর্ত থাকে যে, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল ( টাইম স্কেল ) যুগপৎ ভাবে প্রদান সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১০-১১-১৯৯৭ তারিখের অম/অবি/বাস্ত-৩/টাইম স্কেল-৩/৯৬ ( অংশ)/৭২(২০০) নং স্মারকে বর্ণিত ব্যাখ্যা বলবৎ থাকিবে ।

(২) জাতীয় বেতন স্কেল,২০০৫ এর টাকা ৩৭০০ - ৮০৬০, টাকা ৪১০০-৮৮২০ এবং টাকা ৫১০০ - ১০৩৬০ বেতন স্কেলের অন্তর্ভূক্ত কর্মকর্তাগন, তাহাদের সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার ১ বৎসর পর এবং তাহাদের চাকুরীর সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদী পূরণ সাপেক্ষে , পরবর্তী উচ্চতর স্কেল ( টাইম স্কেল ) প্রাপ্য হইবে , তবে পদোন্নতি ব্যতিরেকে উক্তরুপ কোন কর্মকর্তা একই পদে সমগ্র চাকুরী জীবনে একটির অধিক উচ্চতর স্কেল ( টাইম স্কেল ) প্রাপ্য হইবেন না ।

(৩) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ৬৮০০-১৩০৯০ এবং তদুর্ধ স্কেল ভুক্ত কর্মকর্তাগন তাহাদের নিজ বেতন স্কেলের সর্বোচ্চ সীমা পৌছার এক বৎসর পূর্তীর পর তাহাদের চাকুরীর সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদী পূরন সাপেক্ষে তাহাদের পদের বেতন স্কেলের পরবর্তী স্কেল, উচ্চতর স্কেল ( টাইম স্কেল ) হিসাবে প্রাপ্য হইবেন এবং পদোন্নতি ব্যতিরেকে, একই পদে সমগ্র চাকুরী জীবনে তাহারা ১টির অধিক উচ্চতর স্কেল ( টাইম স্কেল ) প্রাপ্য হইবেন না । এইরুপ উচ্চতর স্কেল ( টাইম স্কেল ) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ৪র্থ স্কেলের ( টাকা-১৫০০০- ১৯৮০০) উর্ধ্বের কোন কর্মকর্তা প্রাপ্য হইবেন না ঃ

তবে শর্ত থাকে যে, কর্মকর্তাগন, যাহারা জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর বেতন স্কেল টাকা ৬৮০০-১৩০৯০, টাকা ৭৪০০-১৩২৪০ এবং টাকা ৯০০০ - ১৫৪৮০ এর অন্তর্ভুক্ত, তাহারা স্ব স্ব বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছার এক বৎসর পর জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ টাকা ১১০০০ - ১৭৬৫০, উচ্চতর স্কেল ( টাইম স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন এবং টাকা ৭৪০০- ১৩২৪০ এবং টাকা ৯০০০ - ১৫৪৮০ বেতন স্কেলে পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাগন পদোন্নতি প্রাপ্ত না হইলে , যেই তারিখে টাকা ৬৮০০ - ১৩০৯০ অথবা টাকা ৭৪০০ - ১৩২৪০ স্কেলের সর্বোচ্চ সীমায় পৌছিতেন, যাহাই পূর্বে ঘটে সেই তারিখের এক বৎসর পর উচ্চতর স্কেল ( টাইম স্কেল ) টাকা ১১০০০-১৭৬৫০ প্রাপ্য হইবেন ।

(৪) উপ-অনুচ্ছেদ-(৩) এর শর্তাংশে বর্ণিত বেতন স্কেল সমুহ ব্যতীত, জাতীয় বেতন স্কেল,২০০৫ এর অধীনে অন্যান্য স্কেলের কর্মকর্তাগনকে এই অনুচ্ছেদে বর্ণিত বিধানাবলী অনুযায়ী পরবর্তী উচ্চতর স্কেল প্রদেয় হইবে ।

(৫) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ৬৮০০-১৩০৯০ এবং তদুর্ধ স্কেল ভুক্ত কর্মকর্তাগন ৪ বৎসরের চাকুরী পূর্তী, সন্তোষজনক চাকুরীর রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদী পূরণ সাপেক্ষে, প্রদেয় পরবর্তী উচ্চতর স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রদানের ব্যবস্থা বলবৎ থাকিবে ।

(৬) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ৩৭০০ - ৮০৬০, টাকা ৪১০০- ৮৮২০ এবং টাকা ৫১০০ - ১০৩৬০ বেতন স্কেলের অনুর্ভূক্ত কর্মকর্তাগন , ৪ বৎসরের চাকুরী পূর্তী , সন্তোষজনক চাকুরীর রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদী পূরন সাপেক্ষে , পদের মূল স্কেলের পরবর্তী স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন । এই সুবিধা ১ জানুয়ারী, ২০০৫ তারিখ হইতে কার্যকর হইবে ।

(৭) আরো শর্ত থাকে যে, প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনতম বেতন নির্ধারনের সুবিধা বলবৎ থাকিবে ।

৮। বেতন নির্ধারনের পর বেতন বৃদ্ধি (Increment) ঃ- (১) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর যে স্তরে ' ইবি ' বলিয়া উল্লিখিত দক্ষতা সীমা দেখানো হইয়াছে , সেই স্তর অতিক্রম করিবার জন্য যে সকল বিধান প্রচলিত রহিয়াছে, সেই সকল বিধান অনুসারে উহা অতিক্রমের এবং বেতন বৃদ্ধি মঞ্জুরি অথবা আহরনের জন্য উক্তরুপ বিধানাবলী যথাযথ ভাবে অনুসরন করিতে হইবে । অনুচ্ছেদ-৬ এর বিধান অনুযায়ী বেতন নির্ধারণের পর বর্তমান বেতন স্কেল বেতন বৃদ্ধির তারিখই জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর প্রথম বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে, তবে যে সকল ব্যক্তি ১ জানুয়ারী, ২০০৫ তারিখের পরে পদোন্নতি বা নিয়োগ প্রাপ্ত হইয়াছেন সেই সকল কর্মকর্তা / কর্মচারী পদোন্নতি বা নিয়োগের তারিখ হইতে এক বৎসর চাকরী পূর্তীতে পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন ঃ -

অপর পৃষ্ঠা-৬

তবে শর্ত থাকে যে, সম স্কেলে পদোন্নতিতে বেতন ও বার্ষিক বেতন বৃদ্ধির তারিখের কোন পরিবর্তন হইবে না।

(২) যাঁহার ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ১ জানুয়ারী, ২০০৫ তারিখে হয়, তাঁহার ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৫এ বেতন নির্ধারন করিয়া সেই তারিখে বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

(৩) ১ জানুয়ারী,২০০৫ তারিখ হইতে ৩০ জুন,২০০৫ তারিখের মধ্যে জাতীয় বেতন স্কেল,২০০৫ অনুসারে যাহাদের বার্ষিক বেতন বৃদ্ধি ঘটে, তাহাদের ক্ষেত্রে উক্ত বার্ষিক বেতন বৃদ্ধির পূর্ন সুবিধা প্রদেয় হইবে।

(৪) জাতীয় বেতন স্কেল,২০০৫জারির পর বার্ষিক বেতন বৃদ্ধির তারিখের কারনে সমপদে একই গ্রেডেশন তালিকা ভুক্ত জ্যেষ্ঠ ও কনিষ্ঠের মধ্যে বেতন বৈষম্য হইলে জ্যেষ্ঠের বেতন বৃদ্ধির তারিখ কনিষ্ঠের বেতন বৃদ্ধির তারিখে আনয়ন করিয়া সমতা করিতে হইবে।

৯। প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন।- (১) ১ জানুয়ারী, ২০০৫ তারিখে অথবা উহার পরে নিয়োগ প্রাপ্ত কোন ব্যক্তিকে, বদলী বা পদোন্নতি ব্যতিরেকে, নিয়োগকৃত পদের জন্য জাতীয় বেতন স্কেল, ২০০৫ এ নির্ধারিত স্কেল ন্যূনতম বেতন উপ-অনুচ্ছেদে (৩) বর্ণিত শর্ত সাপেক্ষে প্রদান করা হইবে এবং প্রথম নিয়োগের পদটি যদি জাতীয় বেতন স্কেল, ২০০৫এর ৬৮০০ - ১৩০৯০ বা তদুর্ধ স্কেলের হয়, তাহা হইলে-

(ক) একজন এম,বি,বি,এস, ডিগ্রীধারী বা ব্যাচেলর অব আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সরকার কর্তৃক স্বীকৃত সমপর্যায়ের ডিগ্রীধারীকে ১ টি অগ্রিম বেতনবৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

(খ) যে সকল ব্যক্তির ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা আইনের ডিগ্রী অথবা স্থাপত্য বিদ্যায় ডিগ্রী বা মাষ্টার্স ডিগ্রী সহ সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠান ( ইনষ্টিটিউট ) হইতে ফিজিক্যাল প্ল্যানিং ডিগ্রীও রহিয়াছে, সেই সকল ব্যক্তিকে ২ টি অগ্রীম বেতন বৃদ্ধি প্রদান করা হইবে, যদি ঐরূপ ডিগ্রী সংশ্লিষ্ট পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে;

(গ) কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি ঐ লাইসেন্স তাহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হইলে ঐ ব্যক্তি নিয়োগ লাভের সময় ১ টি অগ্রীম বেতন বৃদ্ধি পাইবেন।

(২) ১ জানুয়ারী,২০০৫ হইতে ৩০ জুন,২০০৫ পর্যন্ত সময়ে প্রথম নিয়োগ প্রাপ্ত কোন ব্যক্তির বেতন প্রথমে জাতীয় বেতন স্কেল,২০০৫ এর সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম ধাপে এবং এই অনুচ্ছেদের বিধান মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উহার সহিত অতিরিক্ত ইনক্রিমেন্ট যোগ করিয়া নির্ধারন করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, বর্তমান বেতন স্কেল, ১৯৯৭ এর ভিত্তিতে উক্ত তারিখে তাঁহার যে বেতন নির্ধারিত হইত, জাতীয় বেতন স্কেল,২০০৫ এর নির্ধারিত বেতন হইতে উক্ত অংশ বাদ দিয়া শতকরা ৭৫ ভাগ নিরূপন করিতে হইবে।

(৩) এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রীম বেতন বৃদ্ধির সুবিধা শুধু প্রথম নিয়োগের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

১০। পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী।- (১) কোন ব্যক্তি কোন উচ্চতর পদে ও বেতন স্কেলে পদোন্নতি পাইলে ঐ পদে পূর্ণ বেতন পাওয়ার জন্য তাহাকে নিম্নের সারণিতে উল্লেখিত চাকরির মেয়াদ পূর্ণ করিতে হইবে, যথা ঃ-

সারণি

| ক্রমিক নং | বেতন স্কেল | পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১। | টাকা ২৩০০০ (নির্ধারিত) | ২০ বৎসর |
| ২। | টাকা ১৯৩০০ - ২২১০০ | ১৭ বৎসর |
| ৩। | টাকা ১৬৮০০ - ২০৭০০ | ১৪ বৎসর |
| ৪। | টাকা ১৫০০০ - ১৯৮০০ | ১২ বৎসর |
| ৫। | (ক) টাকা ১৩৭৫০ - ১৯২৫০ | ১০ বৎসর |
| | (খ) টাকা ১২৮০০ - ১৮৮৫০ | ৮ বৎসর |
| ৬। | (ক) টাকা ১১০০০ - ১৭৬৫০ | ৫ বৎসর |
| | (খ) টাকা ১১০০০ - ১৬৭০০ | ৫ বৎসর |
| ৭। | টাকা ৯০০০ - ১৫৪৮০ | ৪ বৎসর |

ব্যাখ্যা ঃ- এই উপ-অনুচ্ছেদে বর্ণিত " চাকরির মেয়াদ " বলিতে বুঝাইবে -

(ক) যে সকল পদ ১ জুলাই,১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতন স্কেলের যে গ্রেডে অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১ জুলাই,১৯৭৭ তারিখে বা তাহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০ - ১৪৭০ বা তদুর্ধ স্কেলে ছিল অথবা যে সকল পদ ১ জুন ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০ - ৩০২০ বা তদুর্ধ স্কেলে ছিল এবং ১ জুলাই ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এ টাকা ২৮৫০ - ৫১৫৫ বা তদুর্ধ স্কেল ভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল,১৯৯৭ এ টাকা ৪৩০০ - ৭৭৪০ বা তদুর্ধ স্কেল ভুক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল,২০০৫ এ টাকা ৬৮০০ - ১৩০৯০ বা তদুর্ধ স্কেল ভুক্ত সেই সকল পদের যে - কোন এক বা একাধিক পদে চাকুরীর প্রকৃত সময়কাল, তৎসহ

অপর পৃষ্ঠা-৭

(খ) যে সকল পদ ৩০ জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী ( গেজেটেড ) হিসাবে শ্রেণীভূক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতন স্কেলে ৬ষ্ঠ গ্রেড ভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ তারিখ হইতে নতুন জাতীয় বেতন স্কেলে টাকা ৬২৫ - ১৩১৫, টাকা ৪৭০ - ১১৩৫,বা টাকা ৪২৫ -১০৩৫ স্কেল ভূক্ত ছিল, অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নতুন বেতন স্কেলে টাকা ১৩৫০ - ২৭৫০, টাকা ১০০০ - ২২৮০ বা টাকা ৯০০ - ২০৭৫ স্কেল ভূক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল ১৯৯১ এ টাকা ২৩০০ - ৪৪৮০ বা টাকা ১৭২৫ - ৩৭২৫ বা টাকা ১৫৫০ - ৩৪০৫ স্কেল ভূক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এ টাকা ৩৪০০ - ৬৬২৫ বা টাকা ২৫৫০ - ৫৫০৫ বা টাকা ২৩৭৫ - ৫১৩০ স্কেল ভূক্ত ছিল এবং জাতীয় বেতন স্কেল,২০০৫ এ টাকা ৫১০০ - ১০৩৬০ বা টাকা ৪১০০ - ৮৮২০ বা টাকা ৩৭০০ - ৮০৬০ স্কেল ভূক্ত, সেই সকল এক বা একাধিক পদের চাকুরীর প্রকৃত সময়ের অর্ধকাল, তৎসহ

(গ) অন্যান্য প্রকৃত চাকরির এক - চতুর্থাংশ ।

(২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ-৬ মোতাবেক নির্ণীত জাতীয় বেতন স্কেল,২০০৫ এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমান উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না ;

তবে আরও শর্ত থাকে যে, ১ জানুয়ারী, ২০০৫ তারিখ হইতে ৩০ জুন, ২০০৫ তারিখ পর্যন্ত যাহারা পদোন্নতি পাইবেন তাহারা উক্ত সময়ে বেতন বৃদ্ধি বাবদ যে অংক অর্থাৎ শতকরা ৭৫ ভাগ প্রাপ্য হইবেন, উহা হইতে প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য তাহাদিগকে শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে ।

১১। ভাতাদির প্রাপ্যতা ঃ- (১) ১ জুলাই,১৯৯৭ হইতে ৩১ ডিসেম্বর,২০০৪ পর্যন্ত সরকারের সুনির্দিষ্ট আদেশ বলে মহার্ঘ্য ভাতা ব্যতীত যে সকল ভাতা মঞ্জুর করা হইয়াছে সেই সকল ভাতা জাতীয় বেতন স্কেল,২০০৫ প্রবর্তনের পরেও ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন, ২০০৬তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে বর্ধিত হারে ভাতাদি প্রদেয় হইবে ।

(২) অনুচ্ছেদ-৬ (১)(ঘ) এ উল্লিখিত ব্যক্তিগত বেতন ব্যতীত অন্যান্য ব্যক্তিগত বেতন, ব্যক্তিগত ভাতা, অস্থায়ী ব্যক্তিগত ভাতা এবং অন্যান্য সকল অতিরিক্ত আর্থিক সুবিধাদি উহা যে নামেই অবহিত হউক না কেন, জাতীয় বেতন স্কেল, ২০০৫ বলবৎ হওয়ার তারিখ হইতে রহিত হইবে ।

১২। উচ্চ কারিগরী জ্ঞান সম্পন্ন ও পেশাগত দক্ষতা সম্পন্ন ব্যক্তিদের জন্য বিশেষ বিধান ।- চাকুরী ( ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান ) ( বেতন ও ভাতাদি ) আদেশ, ১৯৯৭ এর ১৩ অনুচ্ছেদে এতদসংক্রান্ত যে বিধান বহাল রাখা হইয়াছে এবং যাহা ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে বলবৎ ছিল, তাহা একই শর্তাধীনে বহাল থাকিবে ।

১৩। চিকিৎসা ভাতা ।- চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে এবং যাহা ৩১ ডিসেম্বর,২০০৪ তারিখে বলবৎ ছিল, তাহা ৩০ জুন,২০০৬ তারিখ পর্যন্ত বহাল থাকিবে এবং ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে সকল ব্যক্তি ( অবসর প্রাপ্ত সহ ) মাসিক ৫০০ (পাঁচশত ) টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন ।

১৪। বাড়ীভাড়া ভাতা ।- (১) সকল কর্মকর্তা ও কর্মচারী, চাকুরী ( ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠান ) ( বেতন ও ভাতাদি ) আদেশ, ১৯৯৭ এর বিধান মোতাবেক ৩১ ডিসেম্বর ,২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন,২০০৬ পর্যন্ত বাড়ী ভাড়া ভাতা পাইবেন ।

(২) যে সকল কর্মকর্তা ও কর্মচারী প্রতিষ্ঠান কর্তৃক বরাদ্ধকৃত বাসস্থানে বসবাস করিতেছেন, তাহারা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না ।

(৩) যে সকল কর্মকর্তা ও কর্মচারী প্রতিষ্ঠান কর্তৃক বরাদ্ধকৃত বাস স্থানে বসবাস করেন, তাহাদের মাসিক বেতন বিল হইতে ৩১ ডিসেম্বর,২০০৪তারিখে যে হারে কর্তন করা হইত সেই হারে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত এবং ১ জুলাই,২০০৬ তারিখ ইহতে নিম্ন লিখিত হারে মাসিক বাড়ী ভাড়া কর্তন পূর্বক প্রতিষ্ঠানকে প্রদান করিতে হইবে , যথা ঃ-

(ক) যদি তিনি ১ জানুয়ারী, ২০০৫ তারিখ হইতে জাতীয় বেতন স্কেল,২০০৫ এর ১নং হইতে ১২ নং স্কেল ( টাকা ২৩০০০ (নির্ধারিত) হইতে টাকা ৩৭০০ - ৮০৬০ ) এর আওতাভূক্ত হন, তাহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ-১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৭.৫% ।

(খ) যদি তিনি জাতীয় বেতন স্কেল,২০০৫ এর ১৩নং হইতে ১৭ নং স্কেল ( টাকা ৩৫০০- ৭৫০০ হইতে টাকা ২৮৫০ - ৫৪১০ ) এর আওতাভূক্ত হন, তাহার ক্ষেত্রে প্রাপ্য মূল বেতনের অর্থাৎ অনুচ্ছেদ-১ এর উপ-অনুচ্ছেদ (৩)(ক) মোতাবেক প্রাপ্য বেতনের ৫%,

অপর পৃষ্ঠা-৮

(গ) যদি তিনি জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১৮ নং হইতে ২০ নং স্কেল ( টাকা ২৬০০ - ৪৮৭০ হইতে ২৪০০ - ৪৩১০ ) এর আওতাভুক্ত হন , তাহার ক্ষেত্রে প্রতিষ্ঠানকে কোন বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে না ;

(ঘ) যে সকল কর্মকর্তা ও কর্মচারী সরকারী বিধি অনুযায়ী, ভাড়াবিহীন বাসস্থানে থাকার অধিকারী, তাহাকে প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত বাসস্থানের জন্য কোন বাড়ী ভাড়া প্রদান করিতে হইবে না ,

(ঙ) কোন ব্যক্তি সরকারী বিধি মোতাবেক যে শ্রেণীর বাড়ী পাইবার অধিকারী , তদপেক্ষা উচ্চতর শ্রেণীর কিংবা নিম্নতর শ্রেণীর কোন বাড়ী তাহাকে বরাদ্ধ করা হইলে তাহাকে উচ্চতর শ্রেণীর বাড়ীর জন্য উক্ত শ্রেণীর বাড়ী বরাদ্ধ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া এবং নিম্নতর শ্রেণীর বাড়ীর জন্য উক্ত শ্রেণীর বাড়ীর বরাদ্ধ পাওয়ার অধিকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় সর্বোচ্চ ভাড়া প্রদান করিতে হইবে ।

(৪) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারী কার্যালয়ে বা স্ব-শাসিত সংস্থা, রাষ্ট্রায়ত্ব ব্যাংক বা অর্থ লগ্নী প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাহারা একত্রে সংস্থার বাস স্থানে বসবাস করেন, তাহা হইলে তাহাদের মধ্যে যাহার নামে বাসস্থান বরাদ্ধ করা হইয়াছে , তাহার বেতন বিল হইতে বাড়ী ভাড়া নির্ধারিত হারে কর্তন করা হইবে এবং তিনি কোন বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন ৩১ ডিসেম্বর,২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য হারে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত এবং ১ জুলাই,২০০৬ তারিখ হইতে উপ-অনুচ্ছেদ (৬) এ উল্লিখিত হারে বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন ।

(৫) যে সকল কর্মকর্তা ও কর্মচারীর নিজ নামে অথবা তাহার উপর নির্ভরশীল কাহারও নামে এক বা একাধিক বাড়ী আছে , তাহার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় বাস স্থান বরাদ্দ সম্পর্কে জারীকৃত আদেশ বলবৎ থাকিবে ।

[ব্যাখ্যা ঃ- যদি জনস্বার্থে সংশ্লিষ্ট অফিস কর্তৃক কাহাকেও কর্মস্থলে অথবা তৎসন্নিকটে মেস, হোস্টেল, রেষ্ট হাউজ , ডরমিটরী বা ডাকবাংলো কিংবা প্রয়োজনের তাগিদে বাস স্থান হিসাবে ব্যবহৃত আবাসন যাহা সত্যিকারে বাসস্থান নহে ( Improvised accommodation), ( যেমন- গ্যাং, কুঁড়েঘর, গুদামঘর, মালগাড়ীর বগি, কোন ষ্টীমার বা লঞ্চের বাংকের বাসস্থানের সংস্থান)এ একক সীট কিংবা একক কক্ষের বরাদ্ধ এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সরকার / প্রতিষ্ঠান কর্তৃক বাস স্থান বরাদ্ধ হিসাবে গন্য হইবে না এবং এই সকল ক্ষেত্রে এই অনুচ্ছেদের আওতায় সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী বাড়ী ভাড়া ভাতা পাইবার অধিকারী হইবেন, তবে উক্ত একক সীট বা একক কক্ষ কিংবা Improvised accommodation এর জন্য যদি নির্ধারিত ভাড়া ও অন্যান্য আর্থিক দায় থাকে তাহাকে তাহা প্রদান করিতে হইবে ]

(৬) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কর্মকর্তা ও কর্মচারীর ১ জুলাই,২০০৬ তারিখ হইতে নিম্ন সারণিতে উল্লিখিত হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন , যথা ঃ-

সারণি

| মূল বেতন | বাড়ী ভাড়া ভাতার হার ( মাসিক ) | | |
|---|---|---|---|
| | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য | নারায়ণগঞ্জ, টংগী, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন/ পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ২৮০০ পর্যন্ত | মূল বেতনের ৬৫% হারে ন্যূনতম টাকা ১৫৯০ | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ১৩৭০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১২৫০ |
| টাকা ২৮০১ হইতে টাকা ৬০০০ পর্যন্ত | মূল বেতনের ৬০% হারে ন্যূনতম টাকা ১৮২০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ১৫৪০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১৪০০ |
| টাকা ৬০০১ হইতে টাকা ১২০০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৩৬০০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৩০০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ২৭০০ |
| টাকা ১২০০১ তদুর্ধ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৬৬০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৫৪০০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৪৮০০ |

অপর পৃষ্ঠা-৯

১৫। যাতায়াত ভাতা ঃ-(১) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১১ নং হইতে ২০ নং স্কেলের (টাকা ৪১০০ - ৮৮২০ হইতে টাকা ২৪০০ - ৪৩১০ পর্যন্ত) আওতাধীন কোন কর্মকর্তা ও কর্মচারীর কর্মস্থল ঢাকা , নারায়নগঞ্জ, টংগী, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট বা বরিশাল সিটি কর্পোরেশন বা পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি ৩১ ডিসেম্বর,২০০৪ তারিখে তাহার আহরিত বা প্রাপ্য অংকে ৩০ জুন,২০০৬ পর্যন্ত যাতায়াত ভাতা পাইতে থাকিবেন ।

(২) যে সকল কর্মকর্তা ও কর্মচারী সরকারী আদেশ অনুযায়ী নির্ধারিত অংকের অর্থ প্রদান পূর্বক সাবক্ষনিক গাড়ী ব্যবহারের সুবিধা পাইবার অধিকারী সেই সকল কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে উক্ত সুবিধা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত একই ভাবে বলবৎ থাকিবে ।

(৩) জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর ১১ নং স্কেল হইতে ২০ নং স্কেলের ( টাকা ৪১০০ - ৮৮২০ হইতে টাকা ২৪০০ - ৪৩১০ পর্যন্ত ) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়নগঞ্জ, টংগী, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ,বরিশাল বা সিলেট সিটি কর্পোরেশন বা পৌর এলকায় অবস্থিত হইলে তিনি ১ জুলাই,২০০৬ হইতে মাসিক ১০০ টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন ।

১৬। উৎসব ভাতা/বোনাস এবং শ্রান্তি ও বিনোদন ভাতা ঃ-(১) সরকারী আদেশ নং-অম/অবি(বাস্ত)-৪/এফবি-১২/৮৬/২৯, তারিখ ৩ জুলাই, ১৯৮৮ এবং Bangladesh Services (Recreation Allownance ) Rules,1979 এর বিধান অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে, তবে এই সকল ভাতা এবং বোনাস ( প্রযোজ্য ক্ষেত্রে ) ৩১ ডিসেম্বর,২০০৪ তারিখে আহরিত বা প্রাপ্য মাসিক মূল বেতনের ভিত্তিতে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে । ১ লা জুলাই, ২০০৬ তারিখে বা উহার পরবর্তীতে তাহাদের প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উৎসব ভাতা/বোনাস এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে ।

(২) উৎসব ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক ( আদেশ ) নং-অম/অবি(বাস্ত-৪)এফবি-১২/৮৬/২৯, তারিখ ৩ জুলাই,১৯৮৮ এবং সরকার কর্তৃক সময় সময়, জারীকৃত এতদসংএনন্ত অন্যান্য নিয়মাবলী অনুসরন করিতে হইবে ।

(৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র অম/অবি/বিধি-১/চাঃবি-৩/২০০৪/১০২, তারিখঃ ২৪-০৩-১৪১১ বঙ্গাব্দ/৮-৭-২০০৪ খ্রিষ্টাব্দ অনুযায়ী অবসর ভুগীদের নীট পেনশনের সম পরিমান ৫০% হারে বৎসরে ২টি উৎসব ভাতা বলবৎ থাকিবে ।

১৭। টিফিন ভাতা ঃ- সকল নন - গেজেটেড কর্মচারীর জন্য প্রদত্ত বিদ্যমান হারে মাসিক টিফিন ভাতা বলবৎ থাকিবে । কিন্তু যে সকল কর্মচারী তাহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চ ভাতা বা বিনা মূল্যে দুপুরের খাবার পান তাহাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হইবে না ।

১৮। ধোলাই ভাতা ঃ- যে সকল কর্মচারীর ক্ষেত্রে ধোলাই ভাতা প্রযোজ্য , তাহারা বিদ্যমান হারের পরিবর্তে ১ জুলাই,২০০৬তারিখ হইতে ৫০ টাকা হারে ধোলাই ভাতা প্রাপ্য হইবেন ।

১৯। কার্যভার ভাতা ঃ- চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রচলিত শর্তাদী পালন সাপেক্ষে , দায়িত্ব পালন কালে সম হারে সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী মূল বেতনের ৫% হারে সর্বোচ্চ ১০০০ টাকা কার্যভার ভাতা ১ জুলাই,২০০৬ তারিখ হইতে প্রাপ্য হইবেন।

২০। বদলী জনিত মালামাল পরিবহন ব্যয় ।- ভ্রমণ ভাতার প্রচলিত বিধি বিধান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবে, তবে বদলী জনিত মালামাল পরিবহনের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিঃ মিঃ পরিবহনের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ১.৫০ টাকা এবং প্যাকিং চার্জ বাবদ ১০০০ টাকা হারে ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রদেয় হইবে ।

২১। পাহাড়ী ভাতা ঃ- পার্বত্য জেলা সমূহে নিযুক্ত সকল কর্মকর্তা / কর্মচারীদের জন্য নির্ধারিত পাহাড়ী ভাতার বর্তমান হার বলবৎ থাকিবে, তবে সর্বোচ্চ সীমা ১৫০০ টাকা ১ জুলাই,২০০৬ তারিখ হইতে প্রদেয় হইবে ।

২২। বেতন প্রদান পদ্ধতি ।- (১) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এই আদেশের বিধান মোতাবেক জাতীয় বেতন স্কেল,২০০৫এ সংশ্লিষ্ট কর্মকর্তা / কর্মচারীদের বেতন নির্ধারন করিবে এবং অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগে এতদসংএনন্ত একটি বিবরনী প্রেরন করিবে । সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাহাদের সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক বেতন নির্ধারন সংএনন্ত বিবরনী যথাযথ ভাবে নিরীক্ষা ও প্রতিপাদন করাইবে এবং এই ব্যাপারে অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগকে উহা অবহিত করাইবে । সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কার্যালয় বেতন নির্ধারনের বিবরনীর উপর সাময়িক ভাবে বেতন পরিশোধ করিবে এবং পরবর্তী ২ মাসের ভিতর বেতন নির্ধারন চূড়ান্ত করিবে । এই প্রক্রিয়ায় অতিরিক্ত বেতন পরিশোধ হইয়া থাকিলে তাহা ফেরত যোগ্য ও সমন্বয় যোগ্য হইবে ।

অপর পৃষ্ঠা-১০

(২) বিভাগীয় প্রধান এবং আয়ন ও ব্যয়ন ( Drawing and Disbursing ) কর্মকর্তাগন সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন নির্ধারন পূর্বক বেতন বিলের সহিত বেতন নির্ধারনী বিবরনী পাঠাইবেন । সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কার্যালয় উক্ত বেতন নির্ধারনের বিবরনীর ভিত্তিতে সাময়িক ভাবে বেতন পরিশোধ করিবেন এবং পরবর্তী ২ মাসের মধ্যে বেতন নির্ধারন চূড়ান্ত করিবেন।

(৩) জাতীয় বেতন স্কেল,২০০৫ এ বার্ষিক বেতন বৃদ্ধি কেবল সংশ্লিষ্ট হিসাব ও নিরীক্ষা কার্যালয় কর্তৃক বেতন নির্ধারন প্রতিপাদনের পরেই প্রদেয় হইবে ।

(৪) আহরিত অতিরিক্ত বেতন ফেরত প্রদানের জন্য লিখিত অংগীকার পত্র পাওয়ার পর কর্মচারীদেরকে সাময়িক ভাবে বেতন পরিশোধ করা যাইবে । আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগন এই সকল অংগীকার পত্র তাহাদের দপ্তরে যথারীতি রেকর্ড ভুক্ত করিবেন এবং বেতন বিলে এই অংগীকার পত্র প্রাপ্তি সম্পর্কে একটি প্রত্যয়ন পত্র প্রদান করিবেন ।

২৩। আয়কর ঃ- এই আদেশের অধীনে প্রাপ্য বেতন ও ভাতাদির উপর আয়কর প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরন করিতে হইবে , যথা ঃ-

(ক) প্রত্যেক বৎসর আয়কর রিটার্ন দাখিলের সর্বশেষ সময় সীমার মধ্যে আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা / কর্মচারী বাধ্যতামূলক ভাবে নিজের বেতন ভাতাদি সহ তাহার আয় এবং আয়ের উপর পরিশোধ যোগ্য করের পরিমান নির্ধারন করিয়া রিটার্ন তৈরী করিবেন;

(খ) আয়কর রিটার্ন তৈরীর পর কর দাতা ( সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী ) নিজস্ব আয় হইতে আয়কর পরিশোধ করিবেন,

(গ) আয়কর পরিশোধের পর কেবল প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত বেতন ভাতাদির উপর পরিশোধিত করের সম পরিমান অর্থ বিলের মাধ্যমে ( যেমন টি,এ বিল যে ভাবে দাখিল করা হয় ) সংশ্লিষ্ট হিসাব রক্ষণ অফিস হইতে উত্তোলন করিবেন,

(ঘ) আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীকে আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্রের সত্যায়িত অনুলিপি, রিটার্ন দাখিলের সর্বশেষ সময় সীমার অব্যবহিত পরবর্তী মাসের বেতন বিলের সহিত সংযুক্ত করিতে হইবে,

(ঙ) আয়কর সংক্রান্ত উক্ত কার্যক্রম ২০০৫ - ২০০৬ পর বৎসর হইতে কার্যকর হইবে ।

২৩। রহিতকরন ও হেফাজত ।- (১) চাকুরী [ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠান] ( বেতন ও ভাতাদি ) আদেশ , ১৯৯৭, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল ।

(২) অনুরূপ রহিতকরন সত্ত্বেও, উক্ত আদেশের ভাতাদি ও সুযোগ - সুবিধাদি সংক্রান্ত বিধানাবলী এবং তৎসম্পর্কিত প্রজ্ঞাপন, আদেশ, অফিস স্মারক ও পরিপত্র সমূহ এই আদেশের অধিন ভাতাদি ও সুযোগ - সুবিধাদির উদ্দেশ্যে উহার বিধানাবলীর সহিত সংগতি সাপেক্ষে বলবৎ রহিয়াছে বলিয়া গণ্য হইবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জাকির আহমেদ খান
অর্থ সচিব

পরিশিষ্ট- খ

জনতা ব্যাংক

-------------------------------

-----------------

**জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুযায়ী প্রধান কার্যালয়ের প্রশাসন ও মানব সম্পদ বিভাগ কর্তৃক বেতন নির্ধারনের পুর্বে সাময়িক ভাবে বেতন ও বকেয়া বেতন প্রদানের জন্য প্রয়োজনীয় তথ্যাদি ও অংগীকার নামা**

০১। নাম ঃ

০২। পদবী ঃ

০৩। পিতার / স্বামীর নাম ঃ

০৪। বর্তমান পদে যোগদানের তারিখ/পদোন্নতির তারিখ ঃ

০৫। বর্তমান ( ৩১/১২/২০০৪ইং) বেতন স্কেল ঃ

০৬। ৩১/১২/২০০৪ইং তারিখে প্রাপ্ত মূল বেতন ঃ

০৭। ৩১/১২/২০০৪ইং পরবর্তী বাৎসরিক বেতন বৃদ্ধির তারিখ ঃ

## অংগীকার নামা

আমি------------------------------------------এই মর্মে অংগীকার করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্য সঠিক । প্রধান কার্যালয়ের প্রশাসন ও মানব সম্পদ বিভাগ কর্তৃক জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুযায়ী আমার নামে বেতন নির্ধারনী পত্র না পাওয়া পর্যন্ত শাখা / অফিস কর্তৃক সাময়িকভাবে নির্ধারিত বেতন অনুযায়ী প্রদত্ত বেতন এবং বকেয়া বাবদ যদি আমাকে এরুটি-বিচ্যুতির কারনে অতিরিক্ত কোন টাকা প্রদান করা হয় তবে আমি উক্ত পরিমান টাকা ব্যাংকে ফেরত দিতে বাধ্য থাকিব এবং ব্যাংক কর্তৃপক্ষকে আমার মাসিক বেতন হইতে তাহা সমন্বয়ের জন্য অত্র পত্র মারফত ক্ষমতা প্রদান করিলাম।

তারিখঃ

স্বাক্ষরঃ

নামঃ

পদবীঃ

ব্যক্তিগত নথি নম্বরঃ

কর্মস্থল ঃ

শাখা / অফিস প্রধানের প্রতিস্বাক্ষর

পরিশিষ্ট-গ

জনতা ব্যাংক

---------------------------

------------

## বিষয় ঃ জাতীয় বেতন স্কেল, ২০০৫ ইং অনুযায়ী সাময়িক বেতন নির্ধারন।

০১। তথ্যাদি ঃ

ক) নাম ঃ

খ) পিতার / স্বামীর নাম ঃ

গ) পদবী ঃ

ঘ) কর্মস্থল ঃ

ঙ) চাকুরীতে যোগদানের তারিখ ঃ

চ) বর্তমান ( ৩১-১২-২০০৪ ইং ) পদে যোগদানের / পদোন্নতির তারিখ ঃ

ছ) বর্তমান (৩১-১২-২০০৪ ইং ) বেতন স্কেল / সিলেকশন গ্রেড স্কেল/ উচ্চতর স্কেল (টাইম স্কেল) ঃ---------------------------------

জ) অনুরূপ জাতীয় বেতন স্কেল ,২০০৫ঃ------------------------------০১-০১-২০০৫ ইং হইতে।

০২। বেতন নির্ধারন ঃ

| | | |
|---|---|---|
| ক) | ৩১/১২/২০০৪ইং তারিখে আহরিত স্কেলে মূল বেতন + ব্যক্তিগত বেতন (যদি থাকে) | টাকাঃ |
| খ) | আহরিত মূল বেতন ও উক্ত স্কেলের প্রারম্ভিক স্তরের পার্থক্য (২.ক -১.ছ ) | টাকাঃ |
| গ) | জাতীয় বেতন স্কেল,২০০৫এর প্রারম্ভিক স্তর ও ২.খ এর সমষ্টি | টাকাঃ |
| ঘ) | জাতীয় বেতন স্কেল,২০০৫এর সমান / উচ্চতর ধাপ | টাকাঃ |
| ঙ) | ০১-০১-২০০৫ ইং তারিখে জাতীয় বেতন স্কেল,২০০৫ এ বেতন নির্ধারন (২.ঘ) | টাকাঃ |
| চ) | জাতীয় বেতন স্কেল,২০০৫ এর নির্ধারিত মূল বেতন ও ৩১-১২-২০০৪ ইং তারিখে আহরিত মূল বেতনের পার্থক্য (২.ঙ - ২.ক) | টাকাঃ |
| ছ) | মোট বর্ধিত বেতনের (২.চ) ৭৫% | টাকাঃ |
| জ) | ৩১-১২-২০০৪ইং তারিখে আহরিত মূল বেতন ও বর্ধিত বেতনের ৭৫% এর সমষ্টি (২.ক+২.ছ) | টাকাঃ |
| ঝ) | ০১-০১-২০০৫ ইং তারিখে প্রদেয় বেতন (২.জ) | টাকাঃ |
| ঞ) | -------------ইং তারিখে (০১-০১-২০০৫ হইতে ৩০-০৬-২০০৫ ইং সময়ের মধ্যে) প্রাপ্য বার্ষিক ইনক্রিমেন্টের হার | টাকাঃ |
| ট) | যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বার্ষিক ইনক্রিমেন্ট মঞ্জুরী সাপেক্ষে ---------- তারিখ হইতে প্রদেয় বেতনের পরিমান (২.ঝ + ২.ঞ ) | টাকাঃ |
| ঠ) | বর্ধিত বেতনের (২.চ) অবশিষ্ট ২৫% | টাকাঃ |
| ড) | বেতন বৃদ্ধির পূর্ন সুবিধাসহ ০১-০৭-২০০৫ইং তারিখের মূল বেতন (২.ট + ২.ঠ ) | টাকাঃ |
| ঢ) | ৩০-০৬-২০০৫ ইং পরবর্তী বার্ষিক ইনক্রিমেন্টের তারিখ | টাকাঃ |

০৩। পরিশিষ্ট -খ অনুযায়ী অংগীকার নামা গ্রহন করা হইয়াছে ।

............ ........ ..............................

প্রস্তুতকারক | কর্মকর্তা | ব্যবস্থাপক/অগ্রপ্রাপ্ত কর্মকর্তা (প্রশাসন)

আঞ্চলিক কার্যালয়/এরিয়া অফিস/বিভাগীয় অফিসের ব্যবহারের জন্য

প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি নং---------- তারিখ -----------এ প্রদত্ত নিয়মানুযায়ী সাময়িক বেতন নির্ধারন সঠিক আছে ।

........ ..........................

কর্মকর্তা | ইনচার্জ, বেতন পরীক্ষা কমিটি

জনতা ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

## জাতীয় বেতন স্কেল,২০০৫ ইং এর প্রতিটি স্কেলের সবগুলি ধাপ সম্বলিত তালিকা

| | |
|---|---|
| ০১। | ২৩০০০/- ( নির্ধারিত ) |
| ০২। | ১৯৩০০-(৭০০)-২০০০০-২০৭০০-২১৪০০-২২১০০/- |
| ০৩। | ১৬৮০০-(৬৫০)-১৭৪৫০-১৮১০০-১৮৭৫০-১৯৪০০-২০০৫০-২০৭০০/- |
| ০৪। | ১৫০০০-(৬০০)-১৫৬০০-১৬২০০-১৬৮০০-১৭৪০০-১৮০০০-১৮৬০০-১৯২০০-১৯৮০০/- |
| ০৫। | ১৩৭৫০-(৫৫০)-১৪৩০০-১৪৮৫০-১৫৪০০-১৫৯৫০-১৬৫০০-১৭০৫০-১৭৬০০-১৮১৫০-১৮৭০০-১৯২৫০/- |
| ০৬। | ১১০০০-(৪৭৫)-১১৪৭৫-১১৯৫০-১২৪২৫-১২৯০০-১৩৩৭৫-১৩৮৫০-১৪৩২৫-১৪৮০০-১৫২৭৫-১৫৭৫০-১৬২২৫-১৬৭০০-১৭১৭৫-১৭৬৫০/- |
| ০৭। | ৯০০০-(৪০৫) -৯৪০৫-৯৮১০-১০২১৫-১০৬২০-১১০২৫- ১১৪৩০-১১৮৩৫- ১২২৪০-১২৬৪৫-১৩০৫০-১৩৪৫৫-১৩৮৬০-১৪২৬৫-১৪৬৭০-১৫০৭৫-১৫৪৮০/- |
| ০৮। | ৭৪০০-(৩৬৫)-৭৭৬৫-৮১৩০-৮৪৯৫-৮৮৬০-৯২২৫-৯৫৯০-৯৯৫৫-১০৩২০-১০৬৮৫-১১০৫০-১১৪১৫-১১৭৮০-১২১৪৫-১২৫১০-১২৮৭৫-১৩২৪০/- |
| ০৯। | ৬৮০০-(৩২৫)-৭১২৫-৭৪৫০-৭৭৭৫-৮১০০-৮৪২৫-৮৭৫০-৯০৭৫-ইবি-(৩৬৫)-৯৪৪০-৯৮০৫-১০১৭০-১০৫৩৫-১০৯০০-১১২৬৫-১১৬৩০-১১৯৯৫-১২৩৬০-১২৭২৫-১৩০৯০/- |
| ১০। | ৫১০০-(২৮০)-৫৩৮০-৫৬৬০-৫৯৪০-৬২২০-৬৫০০-৬৭৮০-৭০৬০-ইবি-(৩০০)-৭৩৬০-৭৬৬০-৭৯৬০-৮২৬০-৮৫৬০-৮৮৬০-৯১৬০-৯৪৬০-৯৭৬০-১০০৬০-১০৩৬০/- |
| ১১। | ৪১০০-(২৫০)-৪৩৫০-৪৬০০-৪৮৫০-৫১০০-৫৩৫০-৫৬০০-৫৮৫০-ইবি-(২৭০)-৬১২০-৬৩৯০-৬৬৬০-৬৯৩০-৭২০০-৭৪৭০-৭৭৪০-৮০১০-৮২৮০-৮৫৫০-৮৮২০/- |
| ১২। | ৩৭০০-(২৩০)-৩৯৩০-৪১৬০-৪৩৯০-৪৬২০-৪৮৫০-৫০৮০-৫৩১০-ইবি-(২৫০)-৫৫৬০-৫৮১০-৬০৬০-৬৩১০-৬৫৬০-৬৮১০-৭০৬০-৭৩১০-৭৫৬০-৭৮১০-৮০৬০/- |
| ১৩। | ৩৫০০-(২১০)-৩৭১০-৩৯২০-৪১৩০-৪৩৪০-৪৫৫০-৪৭৬০-৪৯৭০-ইবি-(২৩০)-৫২০০-৫৪৩০-৫৬৬০-৫৮৯০-৬১২০-৬৩৫০-৬৫৮০-৬৮১০-৭০৪০-৭২৭০-৭৫০০/- |
| ১৪। | ৩৩০০-(১৯০)-৩৪৯০-৩৬৮০-৩৮৭০-৪০৬০-৪২৫০-৪৪৪০-৪৬৩০ ইবি-(২১০)-৪৮৪০ ৫০৫০-৫২৬০-৫৪৭০-৫৬৮০-৫৮৯০-৬১০০-৬৩১০-৬৫২০-৬৭৩০-৬৯৪০/- |
| ১৫। | ৩১০০-(১৭০)-৩২৭০-৩৪৪০-৩৬১০-৩৭৮০-৩৯৫০-৪১২০-৪২৯০ ইবি-(১৯০)-৪৪৮০-৪৬৭০-৪৮৬০-৫০৫০-৫২৪০-৫৪৩০-৫৬২০-৫৮১০-৬০০০-৬১৯০-৬৩৮০/- |
| ১৬। | ৩০০০-(১৫০)-৩১৫০-৩৩০০-৩৪৫০-৩৬০০-৩৭৫০-৩৯০০-৪০৫০-ইবি-(১৭০)-৪২২০-৪৩৯০-৪৫৬০-৪৭৩০-৪৯০০-৫০৭০-৫২৪০-৫৪১০-৫৫৮০-৫৭৫০-৫৯২০/- |
| ১৭। | ২৮৫০-(১৩০)-২৯৮০-৩১১০-৩২৪০-৩৩৭০-৩৫০০-৩৬৩০-৩৭৬০-ইবি-(১৫০)-৩৯১০-৪০৬০-৪২১০-৪৩৬০-৪৫১০-৪৬৬০-৪৮১০-৪৯৬০-৫১১০-৫২৬০-৫৪১০/- |
| ১৮। | ২৬০০-(১২০)-২৭২০-২৮৪০-২৯৬০-৩০৮০-৩২০০-৩৩২০-৩৪৪০-ইবি-(১৩০)-৩৫৭০-৩৭০০-৩৮৩০-৩৯৬০-৪০৯০-৪২২০-৪৩৫০-৪৪৮০-৪৬১০-৪৭৪০-৪৮৭০/- |
| ১৯। | ২৫০০-(১১০)-২৬১০-২৭২০-২৮৩০-২৯৪০-৩০৫০-৩১৬০-৩২৭০-ইবি-(১২০)-৩৩৯০-৩৫১০-৩৬৩০-৩৭৫০-৩৮৭০-৩৯৯০-৪১১০-৪২৩০-৪৩৫০-৪৪৭০-৪৫৯০/- |
| ২০। | ২৪০০-(১০০)-২৫০০-২৬০০-২৭০০-২৮০০-২৯০০-৩০০০-৩১০০-ইবি-(১১০)-৩২১০-৩৩২০-৩৪৩০-৩৫৪০-৩৬৫০-৩৭৬০-৩৮৭০-৩৯৮০-৪০৯০-৪২০০-৪৩১০/- |